ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৩২৯

আগরতলা, ২১ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

**"চিকিৎসকের অনুপস্থিতিতে বিপাকে প্রতিবন্ধী রোগীরা,"**এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ১৮ অক্টোবর ২০২৫ এবং "কৈলাসহরে প্রতিবন্ধী পূর্ণবাসন কেন্দ্রে চিকিৎসক নেই ক্ষোভ," এই শিরোনামে ত্রিপুরা দর্পণ পত্রিকায় গত ১৯ অক্টোবর, ২০২৫ প্রকাশিত সংবাদ দুটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, ঊনকোটি জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, ঊনকোটি জেলা প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্র (ডিডিআরসি) চিকিৎসকগণ তাদের দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করছেন।এছাড়া বিশেষজ্ঞ চিকিৎসকগন প্রতি বৃহস্পতিবার দিন ঊনকোটি জেলা হাসপাতালে, তাদের নিজ দায়িত্ব পালন করে জেলা প্রতিবন্ধী মেডিক্যাল বোর্ডে উপস্থিত হন। এই কারণে কখনো কখনো বোর্ডে উপস্থিতির সময় ভিন্ন হয়। এছাড়া, চিকিৎসকগন নির্ধারিত সময়সূচী অনুযায়ী ব্লক স্তরে এবং পঞ্চায়েত স্তরে প্রতিবন্ধী সার্টিফিকেট প্রদান শিবিরে অংশগ্রহণ করেন।

*****